



স্মারক নং-এলটিএম-১/১২৭


তারিখঃ ০১/০৮/২০২১ খ্রিঃ

“সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর পওর বিভাগ, বাপাউবো, লক্ষ্মীপুর দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। তদ্ব্যবধায়ক প্রকৌশলী, কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখঃ ২০/০৭/২০২০খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (রয়াক), বাপাউবো, ফেনী এর অনুকূলে করতঃ অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয়, গ্রহণ এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবেনা।

১।	মন্ত্রণালয়	পানি সম্পদ মন্ত্রণালয়।
২।	সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩।	ক্রয়কারীর নাম	নির্বাহী প্রকৌশলী, লক্ষ্মীপুর পওর বিভাগ, বাপাউবো, লক্ষ্মীপুর।
৪।	আবেদনকারীর যোগ্যতা	১) বৈধ ট্রেড লাইসেন্স ২) ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট ৩) ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (কার্য - ২৫.০০ লক্ষ টাকা, পণ্য - ৩.০০ লক্ষ টাকা)।
৫।	আবেদন ফরম ফি	আবেদন ফরম ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (রয়াক), বাপাউবো, ফেনী বরাবরে।
৬।	তালিকাভুক্তিকরণ ও নবায়ন ফি	নতুন তালিকাভুক্তির জন্য ৫০০০ টাকা (ভ্যাট ব্যতীত) এবং নবায়নের জন্য ২০০০ টাকা (ভ্যাট ব্যতীত) অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (রয়াক), বাপাউবো, ফেনী বরাবরে।
৭।	আবেদনপত্র প্রাপ্তির স্থান	প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, লক্ষ্মীপুর পওর বিভাগ, এস, আর, রোড, বাপাউবো, লক্ষ্মীপুর।
৮।	আবেদনপত্র দাখিল	প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, লক্ষ্মীপুর পওর বিভাগ, এস, আর, রোড, বাপাউবো, লক্ষ্মীপুর।
৯।	আবেদনপত্র (ডকুমেন্ট) বিক্রয় আরম্ভের তারিখ	০৮/০৮/২০২১ খ্রিঃ, সকাল ৯.০০ ঘটিকা হতে।
১০।	আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় (তালিকাভুক্তি ও নবায়ন)	০৮/০৯/২০২১ খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকা।

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতীরেকে আবেদন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতাবান।


(ফারুক আহমেদ)
০১/০৮/২১

নির্বাহী প্রকৌশলী

আইডি নং-৮৪০১২৩০০১

ফোন নং-০৩৮১-৬২২৮০


E-mail: xen.laxmipur@bwdb.gov.bd

তারিখঃ ০১/০৮/২০২১ খ্রিঃ

স্মারক নং-এলটিএম-১/১২৭/১(১০)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
- ২। তদ্ব্যবধায়ক প্রকৌশলী, ফেনী পওর সার্কেল, বাপাউবো, ফেনী।
- ৩। তদ্ব্যবধায়ক প্রকৌশলী, কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬ (৭ম তলা), ৭২-গ্রীনরোড, পাছপথ, ঢাকা-১২১৫।
- ৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৯ (১০ম তলা), ৭২-গ্রীনরোড, পাছপথ, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি বহল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী সংবাদপত্রে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আই সি টি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। উপ-বিভাগীয় প্রকৌশলী, লক্ষ্মীপুর/রামগতি পওর উপ-বিভাগ, বাপাউবো, লক্ষ্মীপুর।
- ৭। সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ, লক্ষ্মীপুর।
- ৮। সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর।
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (রয়াক), বাপাউবো, ফেনী।
- ১০। প্রাক্কলনিক, লক্ষ্মীপুর পওর বিভাগ, বাপাউবো, লক্ষ্মীপুর। তাহাকে ঠিকাদার তালিকাভুক্তি ফরম প্রদান ও আবেদনপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
- ১১। মাস্টার কপি/অফিস কপি।


০১/০৮/২১
নির্বাহী প্রকৌশলী
আইডি নং-৮৪০১২৩০০১